

# MIDNAPORE DISTRICT COASTAL FISH VENDORS' UNION

Trade Union Regd. NO.- 23219, (03.09.1999)

Affiliated - National Fish Workers Forum (NFF) .

## মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেঙুর ইউনিয়ন

ইউনিয়ন কার্যালয় : কাঁথি সেন্ট্রাল বাসস্ট্যাণ্ড (মাউন্টেন ক্লাবের পিছনে) : কাঁথি : পূর্ব মেদিনীপুর : ৭২১৪০১

(মোঃ ৯৮০০৭৭৭৪৫৮)

২০/০১/২০১৫

### স্মারকলিপি

প্রতি –

সমষ্টি-উন্নয়ন আধিকারিক

কাঁথি ৩ নং ব্লক

মারিশদা, পূর্ব-মেদিনীপুর

মহাশয়,

আপনার জ্ঞাতার্থে জানাই এই ব্লকের এক হাজারের অধিক দুঃস্থ উপকূলীয় মৎস্য ভেঙুর কঠিন শ্রমের মাধ্যমে কোনরকমে সংসার নির্বাহ করেন। এঁদের জীবিকার সুরক্ষার জন্য না আছে সুপরিষ্ঠামো না আছে সরকারী সহযোগিতা। মেদিনীপুর জেলার এমনই দুঃস্থ অসহায় মৎস্য ভেঙুরদের নিয়ে ২০ বছর আগে আমরা গঠন করেছি “মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেঙুর ইউনিয়ন”। বলা বাহুল্য, ইউনিয়নটি জেলার ক্ষুদ্র মৎস্য ভেঙুরদের প্রতিনিয়ত যোগাযোগের মঞ্চ হয়ে দাঁড়িয়েছে। ইউনিয়নের পক্ষ থেকে আমরা বছরের বিভিন্ন সময়ে মৎস্য ভেঙুরদের অভাব-অভিযোগ ও দাবীপত্র সরকারী দপ্তরগুলিতে পৌঁছে দিয়ে আসছি।

বিশেষভাবে উল্লেখ্য, ইতিপূর্বে আমরা গত ১৯ মার্চ ২০১৩ তারিখে আপনার দপ্তরে জরুরী দাবিপত্র সম্বলিত একটি স্মারকলিপি দিয়েছি। গত ১১/১১/২০১৩ তারিখে পাইলিন বাড়ে ক্ষতিগ্রস্ত উপভোক্তার তালিকা পেশ করেছি। সহ-মৎস্য অধিকর্তা(সামুদ্রিক, কাঁথি) দপ্তর সূত্রে অবগত হয়ে এবং দপ্তরের নির্দেশ মত গত ০২/০১/২০১৪ তারিখে ব্লকে আসা মৎস্য ভেঙুরদের জন্য বরাদ্দ ঠাণ্ডাবাক্স ইত্যাদির সুষ্ঠু বিতরণের উদ্দেশ্যে আবেদনপত্র দিই (আবেদন পত্রগুলির অনুলিপি জুড়ে দেওয়া হল)। এছাড়া আপনার দপ্তরে বহুবার ইউনিয়নের পক্ষ থেকে দাবি দাওয়া পূরণের জন্য শরীরে ও দূরভাষে যোগাযোগ করা হয়েছে।

অত্যন্ত পরিতাপের বিষয় এই যে, জেলার একমাত্র রেজিস্টার্ড ইউনিয়ন হওয়া সত্ত্বেও আপনার ব্লক প্রশাসনের তরফে বিপন্ন এই পেশাজীবীদের পরিষেবার জন্য কোন রকম সদর্থক পদক্ষেপ আমরা দেখতে পাইনি। দাবি-দাওয়াগুলি পূরণে কার্যকরী ব্যবস্থা নেওয়া দূরস্থান, এমনকি মৎস্য ভেঙুরদের জন্য যে সরকারি সহায়তাগুলি ব্লক প্রশাসনের কাছে এসেছে সেগুলি বিতরণের ক্ষেত্রে ইউনিয়নের দেওয়া মৎস্য ভেঙুরদের তালিকাটিকে সম্পূর্ণ অগ্রাহ্য করা হয়েছে। সংকীর্ণ পক্ষপাতিত্বের মাধ্যমে মৎস্য ভেঙুর নয় বা আংশিক সময়ের জন্য অনিয়মিত ব্যবসা করে এমন লোকদের সরকারি সহায়তা পাইয়ে দেওয়া হয়েছে। প্রকৃত ও অত্যাধিক মৎস্য ভেঙুররা বঞ্চিত হচ্ছেন। আমরা অবিলম্বে এই অন্যায্য অবিচারের কারণ জানতে চাই।

Received without verification

B.D.O. Contail

অসিদ্ধি সহযোগিতা গ্রহণ নতুন শিল্প কর্মী সংগঠন সুরক্ষা (NFF) কার্যালয়, কাঁথি সেন্ট্রাল বাস স্ট্যাণ্ড, জেলা মেদিনীপুর, কাঁথি

অসিদ্ধি সহযোগিতা গ্রহণ নতুন শিল্প কর্মী সংগঠন সুরক্ষা (NFF) কার্যালয়, কাঁথি সেন্ট্রাল বাস স্ট্যাণ্ড, জেলা মেদিনীপুর, কাঁথি

# CHITTAGONG DISTRICT COASTAL FISH VENDORS' UNION

Trade Union Regd. NO.- 23219, (03.09.1999)  
Affiliated - National Fish Workers Forum (NFF)

## মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেণ্ডর ইউনিয়ন


ইউনিয়ন কার্যালয় : কাঁথি সেন্ট্রাল বাসস্ট্যাণ্ড (মাউন্টেন ক্লাবের পিছনে) : কাঁথি : পূর্ব মেদিনীপুর : ৭২১৪০১  
(মোঃ ৯৮০০৭৭৭৪৫৮)

মৎস্য ভেণ্ডরদের উপর দীর্ঘ অন্যায় অবহেলা অসহনীয় পর্যায়ে পৌঁছেছে। এরপরও সুরাহা না হলে মৎস্য ভেণ্ডররা এর প্রতিকারে আন্দোলনের পথে যেতে বাধ্য হবেন এবং এর জন্য আপনার প্রশাসনই দায়ী থাকবে।

### আমাদের দাবি

- \* অবিলম্বে জাতীয় মৎস্যভেণ্ডর নীতি প্রণয়ন করতে হবে।
- মৎস্যভেণ্ডরদের জন্য সরকারি প্রকল্প ও সুযোগ-সুবিধা মৎস্যভেণ্ডর সংগঠনের অংশগ্রহণের ভিত্তিতে নির্ণয় ও বণ্টন করতে হবে।
- সুদখোর মহাজনের হাত থেকে বাঁচাতে মৎস্য ভেণ্ডরদের স্বল্পসুদে ব্যবসার মূলধন দিতে হবে।
- মাছ বিক্রির জন্য এলাকায় উপযুক্ত সুবিধায়ুক্ত বাজারের ব্যবস্থা করতে হবে।
- সহজ শর্তে ও ভর্তুকি দিয়ে মৎস্য ভেণ্ডরদের জন্য সাইকেল, মোটর সাইকেল ইত্যাদি পরিবহন যানের ব্যবস্থা করতে হবে।
- সহজ শর্তে ও ভর্তুকি দিয়ে মৎস্য ভেণ্ডরদের জন্য আধুনিক ওজন যন্ত্র, মাছসংরক্ষণের ঠান্ডা বাক্স ও মাছ বিক্রির আধুনিক ট্রে দিতে হবে।
- সমস্ত উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের সেভিংস কাম রিলিফ স্কিম-এর আওতায় আনতে হবে।
- উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের আর্থিক স্বশক্তিকরণের স্বার্থে মেরিন কো-অপারেটিভ সোসাইটি গঠনের অনুমতি দিতে হবে এবং মৎস্য ভেণ্ডরদের স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য ব্যাংক ঋণ সুনিশ্চিত করতে হবে।
- মৎস্য ভেণ্ডরদের জন্য বার্ষিক্যভাতা, জীবন ও স্বাস্থ্য বীমা প্রকল্প চালু করতে হবে।
- মৎস্য ভেণ্ডরদেরকে অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণীর জন্য সরকারী আবাসন প্রকল্পের আওতায় আনতে হবে।
- মৎস্য ভেণ্ডরদের নির্মানকর্মীদের মতো সামাজিক সুরক্ষার আওতায় আনতে হবে।
- মৎস্য ভেণ্ডরদের উপর তোলাবাজ-চাঁদাবাজদের অত্যাচার বন্ধ করতে হবে।

বিনীত--




সুজয় জানা

সহ-সভাপতি

মোঃ ৯৭৩৩৮৪৪১৫১

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেণ্ডর ইউনিয়ন



অচিন্ত্য প্রামাণিক

সম্পাদক

মোঃ ৯৮০০৭৭৭৪৫৮

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেণ্ডর ইউনিয়ন

অফিস যোগাযোগ - ন্যাশনাল ফিশওয়ার্কার্স ফোরাম(NFF)কার্যালয়, কাঁথি সেন্ট্রাল বাস স্ট্যান্ড, জালাল খাঁবাড়  
অচিন্ত্য প্রামাণিক,মোবাইলঃ ৯৮০০৭৭৭৪৫৮; সুজয় জানা,মোবাইলঃ ৯৭৩৩৮৪৪১৫১